

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৪২-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ICC U19 Cricket World Cup 2016 টুর্নামেন্ট উপলক্ষে-

(ক) নিম্নোক্ত শ্রেণীর আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর এবং  
প্রযোজ্য উৎসে আয়কর সংগ্রহ হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

- (১) আইসিসি, আইসিসি ডেভেলপমেন্ট ইন্টারন্যাশনাল লিঃ (আইডিআই) এবং আইসিসি এর সহযোগী ও অঙ্গ-সংগঠনসমূহ কর্তৃক বাংলাদেশে নিবাসী নহেন (non-resident) এইরূপ বাংলাদেশে নিযুক্ত প্রতিনিধি বা এজেন্ট বা কর্মকর্তা বা কর্মচারী বা মিডিয়া প্রতিনিধির বাংলাদেশে প্রাপ্ত বেতন, ভাতা, পারিতোষিক, দৈনিক ভার্তা ও প্রত্যর্পণযোগ্য খরচসহ যে কোন প্রাপ্তি।
- (২) বাংলাদেশ ব্যতীত টুর্ণামেন্টে অংশগ্রহণকারী অন্যান্য সদস্য রাষ্ট্রের প্রতিনিধিত্বকারী দলের খোলোয়াড়, কোচ, ট্রেইনার, ডাক্তার বা অফিসিয়াল এর বাংলাদেশে প্রাপ্ত ম্যাচ ফি, প্রাইজ মানি বা পুরস্কার বা অন্য যে কোন প্রাপ্তি;
- (৩) আইসিসি, আইডিআই এবং বাংলাদেশে নিবাসী নহে এইরূপ আইসিসি এর সহযোগী ও অঙ্গ-সংগঠন এর বাংলাদেশে অর্জিত আয় বা কর্মার্শিয়াল স্বত্ত্ব বিক্রয়সহ সকল প্রাপ্তি এবং বাংলাদেশ হইতে প্রত্যর্পণযোগ্য আয় বা প্রাপ্তি;
- (৪) বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এবং আইসিসি এর বাংলাদেশস্থ লোকাল অর্গানাইজিং (এলওসি) কর্তৃক টুর্ণামেন্ট হইতে অর্জিত আয় বা আইসিসি বা আইডিআই কর্তৃক উহাকে প্রদত্ত ডিভিডেভ, সার্টিস চার্জ, রয়্যালটি বা টুর্ণামেন্ট সমাপনাত্তে উহার নিকট হস্তান্তরিত যে কোন প্রাপ্তি; এবং
- (৫) বিসিবি, বাংলাদেশস্থ এলওসি, আইসিসি, আইসিসি এর সহযোগী ও অঙ্গ-সংগঠন এবং অংশগ্রহণকারী সদস্য রাষ্ট্রের প্রতিনিধিদল কর্তৃক আমদানিকৃত সকল পণ্য।
- (খ) বাংলাদেশস্থ এলওসি বা বিসিবি কর্তৃক ICC U19 Cricket World Cup 2016 টুর্ণামেন্ট পরিচালনার উদ্দেশ্যে নিযুক্ত বাংলাদেশে নিবাসী (resident) কোন ব্যক্তিকে আইসিসি বা আইডিএ কর্তৃক প্রদত্ত অর্থ হইতে বেতন (salaries) পরিশোধকালে উক্ত Ordinance এর section 50 এর অধীন উৎসে আয়কর কর্তন হইতে অব্যাহতি প্রদান করিল।

Bangladesh Tax Update  
[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে  
 মোঃ নজিরুর রহমান  
 সচিব।